



বিজ্ঞপ্তি নং- ২০৮

এ,

তারিখঃ ১৩ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ছুটিকালীন সময়ে আপীল বিভাগের চেম্বার কোর্ট ও হাইকোর্ট বিভাগের কার্যক্রম পরিচালনাকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তির কার্যকারিতা আগামী ০৫ মে ২০২০ তারিখ পর্যন্ত স্থগিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সাথে আলোচনা করতঃ এবং অন্যান্য বিজ্ঞ আইনজীবীদের আবেদনের প্রেক্ষিতে ২৩/৪/২০২০ তারিখের ২০৪ এ, নং বিজ্ঞপ্তি দ্বারা বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোঃ নূরুজ্জামান মহোদয় আপীল বিভাগের চেম্বার কোর্টে বসবেন মর্মে এবং হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি জনাব ওবায়দুল হাসান মহোদয় সকল অধিক্ষেত্রের অতীব জরুরী বিষয়সমূহ শুনানীর নিমিত্ত হাইকোর্ট বিভাগের কার্যক্রম পরিচালনা করবেন মর্মে জানানো হয়।

২। পরবর্তীতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ২৫/৪/২০২০ তারিখের ২০৬ এ, নং বিজ্ঞপ্তি দ্বারা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ২৩/৪/২০২০ তারিখের ২০৪ এ, নং বিজ্ঞপ্তির কার্যকারিতা আগামী ২৭ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত স্থগিত করা হয়।

৩। অদ্য ২৬/০৪/২০২০ তারিখে Video-conference-এর মাধ্যমে অনুষ্ঠিত বাংলাদেশ সুপ্রীম কোর্টের ফুলকোর্ট সভার সিদ্ধান্তের আলোকে ছুটিকালীন সময়ে আপীল বিভাগের চেম্বার কোর্ট ও হাইকোর্ট বিভাগের কার্যক্রম পরিচালনাকরণ সংক্রান্ত বাংলাদেশ সুপ্রীম কোর্টের ২৩/৪/২০২০ তারিখের ২০৪ এ, নং বিজ্ঞপ্তির কার্যকারিতা আগামী ০৫ মে ২০২০ তারিখ পর্যন্ত স্থগিত করা হলো।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে


২৬.০৪.২০২০
(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল: rg@supremecourt.gov.bd

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (সকল)
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (সকল)
৭. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)
৮. প্রধান বিচারপতির সচিব /একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ, ঢাকা
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. বেঞ্চ অফিসার বেঞ্চ/বেঞ্চ রীডার বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরতদের অবগত করার অনুরোধ করা হলো)
১১. সিনিয়র সুপারিনটেনডেন্ট/সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা ...(সকল)
১২. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। মাননীয় বিচারপতি মহোদয়কে অবগত করানোর অনুরোধ করা হলো।।
১৩. কমিশনার অব এফিডেবিট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ ঢাকা (সকল)
১৪. কোর্ট অফিসার/কোর্ট কীপার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা (সকল)
১৫. নোটিশ বোর্ড।